# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) সম্প্রতি গুজরাটের দাহেজে ভারতের প্রথম সরকারি 'MLD Desalination Plant for Industrial Use' গড়ে উঠল যার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল। এই প্ল্যান্টটি তৈরি করেছে 'লার্সেন অ্যান্ড টুবরো' এবং 'টেকটন' নামক সংস্থা। অ্যাচিভার্স

2. (d) যাত্রীদের মালপত্রের সঠিক অবস্থান জানার জন্য দিল্লিতে অবস্থিত ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ 'Radio-Frequency Identification (RFID) enabled tag' চালু করেছে।

3. (d) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক-এর এমডি এবং সিইও হিসাবে ভি পি নরসীমহানকে নিযুক্ত করল। তিনি পরবর্তী এক বছর এই পদে নিযুক্ত থাকবেন।
   **এক নজরে ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক**
   ✓ **প্রতিষ্ঠাকাল :** ২০১৬ সাল।
   ✓ **সদর কার্যালয় :** চেন্নাই। অ্যাচিভার্স
   ✓ **ট্যাগ লাইন :** 'It's Fun Banking'.

4. (d) ২০২৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকো-এই তিনটি দেশে ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই বছর প্রথমবার ৪৮টি দল খেলবে।

5. (c) ১৮ জুন সারা বিশ্বজুড়ে 'Sustainable Gastronomy Day' পালিত হল।

6. (b) অপর্যাপ্ত মূলধন এবং উপার্জনের সম্ভাবনা না থাকার কারণের জন্য আরবিআই সম্প্রতি কর্ণাটকের Millath Co-Operative Bank এর লাইসেন্স বাতিল করল।

7. (a) সম্প্রতি গুস্টাভো ফ্রান্সিসকো পেট্রো উরিগো (গুস্টাভো পেট্রো) কলম্বিয়ার প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ইভান ডিউক মার্কুয়েজের স্থলাভিষিক্ত হলেন। গুস্টাভো পেট্রো এই পদে নিযুক্ত হওয়র পূর্বে বোগোতার প্রাক্তন মেয়র ছিলেন। অ্যাচিভার্স

8. (b) সম্প্রতি কানাডার মন্ট্রিলে অনুষ্ঠিত ২০২২ সালের কানাডিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে কার্লোস সানজ (স্পেন) এবং লুইস হ্যামিল্টন (ব্রিটেন)।

9. (a) ২০ জুন সারা বিশ্ব জুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড রিফিউজি ডে'-এর এবছরের থিম হল— 'The Right to seek Safety.' এই দিনটি ২০০১ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

10. (b) দ্য সিকিউরিটিজ অ্যান্ড বোর্ড অফ ইন্ডিয়া (SEBI) কে ভি কামাথ-এর নেতৃত্বে 'হাইব্রিড সিকিউরিটিজ অ্যাডভাইজরি কমিটি' গঠন করেছে। এর মোট সদস্য সংখ্যা হল ২০ জন।
   **এক নজরে সেবি:**
   ✓ **প্রতিষ্ঠাকাল :** ১৯৯২ সাল। অ্যাচিভার্স
   ✓ **সদর কার্যালয় :** মুম্বাই।
   ✓ **বর্তমান চেয়ারম্যান :** মাধবী পুরি বাচ।

11. (a) সম্প্রতি ফ্রান্স ভারতের Unified Payments Interface (UPI) and RuPay card কে সরকারিভাবে গ্রহন করার জন্য NPCI International Payments Limited (NIPL) এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

12. (c) ২১ জুন সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড মিউজিক ডে'র এবছরের থিম হল—'Music on Intersections'

13. (c) সম্প্রতি গুজরাট ভারতের প্রথম রাজ্য হিসাবে 'বালিকা পঞ্চায়েত' চালু করেছে। সমাজে কন্যাশিশুদের সামাজিক নিরাপত্তা প্রদান, বাল্যবিবাহ রোধ, পণপ্রথা থেকে রক্ষা করার জন্য এই বিশেষ পরিষেবা চালু করেছে। অ্যাচিভার্স

14. (b) সম্প্রতি ওয়ার্ল্ড গোল্ড কাউন্সিল কর্তৃক প্রকাশিত ২০২১ সালের 'Gold Refining & Recycling' রিপোর্ট অনুযায়ী ভারত চতুর্থ স্থানে রয়েছে; যে তালিকায় চীন প্রথম স্থানে রয়েছে।

15. (d) ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক, বেঙ্গালুরু'র নিওব্যাঙ্কিং প্ল্যাটফর্ম 'Freo' এর সহায়তায় 'Freo Save' নামক ডিজিটাল সেভিংস অ্যাকাউন্ট চালু করেছে।

16. (c) কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রক কর্তৃক রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি হিসাবে নিযুক্ত হলেন অভীজ্ঞ কূটনীতিবিদ রুচিরা কাম্বোজ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারি টি এস তিরুমূর্তি'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স
   **এক নজরে রাষ্ট্রসংঘ:**
   ✓ **প্রতিষ্ঠাকাল :** ১৯৪৫ সাল।
   ✓ **সদর কার্যালয় :** নিউইয়র্ক সিটি।
   ✓ **বর্তমান মহাসচিব :** অন্ত্যানিও গুর্তেরস।
   ✓ **বর্তমান সদস্যদেশ :** ১৯৩।

17. (d) সম্প্রতি দক্ষিণ কোরিয়া সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি মহাকাশ রকেট 'Nuri' এর সফল উৎক্ষেপণ করেছে। সম্প্রতি নারো স্পেস সেন্টার থেকে এর সফল উৎক্ষেপণ করা হয়েছে।
   **এক নজরে Nuri:**
   ✓ **কক্ষপথ:** পৃথিবীর বাইরে ৬০০-৮০০ কিলোমিটার উর্ধ্বে।
   ✓ **দৈর্ঘ্য :** ৪৭.২ মিটার।

18. (c) ১৮ জুন সারা বিশ্ব জুড়ে 'International Day for Countering Hate Speech' হিসাবে পালিত হল। ২০১৯ সালে প্রথম এই দিনটি পালন করা শুরু হয়েছিল।

19. (d) কেন্দ্রীয় সরকার 'সারোগেসি রুলস-২০২২' অনুযায়ী সারোগেট মাদারদের জন্য তিন বছরের স্বাস্থ্যবিমা বাধ্যতামূলক করেছে। অ্যাচিভার্স

20. (a) সমাজ জীবনে জনসেবার গুণাবলী সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে ২৪ জুন সারা বিশ্বজুড়ে 'ইউনাইটেড নেশনস পাবলিক সার্ভিস ডে' পালিত হল। এবছরের থিম হল- 'Building back better from COVID-19- Enhancing innovative partnership to meet the Sustainable Development Goal'.

21. (b) তামিলনাড়ু সরকার কলেজ পড়ুয়াদের দক্ষতা ক্ষেত্রে গঠনমূলক উন্নয়নের জন্য বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যে 'Nalaya Thiran' নামক এক কর্মসূচী চালু করেছে। ন্যাসকম, আইসিটি অ্যাকাডেমি এবং স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক যৌথভাবে এই প্রোগ্রামটি ডেভেলপড করেছে। অ্যাচিভার্স

22. (c) সম্প্রতি ইকনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক প্রকাশিত 'Global Liveability Index - 2022' এর তালিকায় অস্ট্রিয়ার ভিয়েনা শহরটি প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় ভারতের নিউদিল্লি সমগ্র তালিকায় ১১২তম তথা ভারতের মধ্যে প্রথম স্থানে রয়েছে। সারা বিশ্বজুড়ে মোট ১৭৩টি শহরের উপর এই ইনডেক্সটির রিপোর্ট প্রকাশ করা হয়েছে।

23. (d) ১৩-১৭ জুন ইউনেস্কোর সদর কার্যালয় প্যারিসে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল কো-অর্ডিনেটিং কাউন্সিল অফ দ্য ম্যান অ্যান্ড দ্য বায়োস্ফিয়ার প্রোগ্রামের ৩৪তম বার্ষিক সভায় সারা বিশ্বের ১১টি বায়োস্ফিয়ার রিজার্ভকে ইউনেস্কোর ওয়ার্ল্ড নেটওয়ার্ক অফ বায়োস্ফিয়ার রিজার্ভের তালিকায় অন্তর্ভুক্ত করার অনুমোদন প্রদান করা হয়েছে। যার ফলে বর্তমানে সারা বিশ্বে ১৩৪টি দেশের মোট ৭৩৮টি বায়োস্ফিয়ার রিজার্ভ হল। খুভসগুল লেকটি মঙ্গোলিয়ায় অবস্থিত। এর মোট আয়তন হল ২৭৬০ বর্গকিলোমিটার।

24. (c) ভারতের বৃহত্তম জীবন বিমা প্রদানকারী সংস্থা লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন অফ ইন্ডিয়া গ্রাহকদের কথা চিন্তা করে 'ধনসঞ্চয় সেভিংস স্কিম' নামক এক সেভিংস লাইফ ইন্সিয়োরেন্স পলিসি চালু করেছে। অ্যাচিভার্স

25. (c) বিশিষ্ট মার্কিন-কানাডিয়ান লেখিকা, চলচ্চিত্র নির্মাতা রুথ ওজেকি তাঁর লেখা 'The Book of Form and Emptiness' নামক উপন্যাসের জন্য ২০২২ সালের ওমেন্স প্রাইজ ফর ফিকশনে ভূষিত হয়েছেন। এই পুরস্কারের সম্মান স্বরূপ তিনি নগদ ৩৬ হাজার মার্কিন ডলার পেয়েছেন।

26. (d) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি নীতি আয়োগের চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে পরমেশ্বরন আইয়ারকে নিযুক্ত করার সুপারিশ করেছে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অমিতাভ কান্টের স্থলাভিষিক্ত হলেন।

**একনজরে নীতি আয়োগ—**

✓ **প্রতিষ্ঠাকাল —** ২০১৫ সাল। অ্যাচিভার্স
✓ **সদর কার্যালয় —** নতুন দিল্লি।
✓ **বর্তমান চেয়ারম্যান —** নরেন্দ্র মোদী (পদাধিকারবলে)।
✓ **ভাইস চেয়ারম্যান —** সুমন বেরি।

27. (d) ইন্ডিয়া ডেবট রিজোলিউলিশন কোম্পানি লিমিটেডের চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন অবিনাশ কুলকার্নি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মনীশ মুখারিয়ার স্থলাভিষিক্ত হলেন।

28. (b) ১৪-১৯ জুন ইন্দোনেশিয়ার জাকার্তায় অনুষ্ঠিত ২০২২ সালের ইন্দোনেশিয়া ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ডেনমার্কের ভিক্টর অ্যাক্সেলসন। তিনি এই প্রতিযোগিতায় চীনের ঝাও জুনপেং-কে ২১-৯, ২১-১০ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন। অ্যাচিভার্স

29. (c) বিশিষ্ট ব্যবসায়িক খবর পরিবেশনকারী সাংবাদিক আর এন ভাস্কর বিশিষ্ট শিল্পপতি গৌতম আদানির জীবন কাহিনি সম্বলিত 'Gautam Adani : The Man Who Changed India' নামক গ্রন্থ প্রকাশ করেছেন। গ্রন্থটি পেঙ্গুইন বিজনেস ইমপ্রিন্ট কর্তৃক প্রকাশিত হয়েছে।

30. (d) টাটা পাওয়ারের সম্পূর্ণ সহযোগী সংস্থা টাটা পাওয়ার সোলার সিস্টেম লিমিটেড কর্তৃক ভারতের বৃহত্তম ভাসমান সৌরবিদ্যুৎ প্রকল্প গড়ে উঠল কেরলের কয়ামকুলামে। এর মোট আয়তন ৩৫০ একর।

31. (c) ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'কস্ট টু ইনকাম রেশিও' কমানোর উদ্দেশ্যে অপারেশনস সাপোর্ট সাবসিডিয়ারি গড়ে তোলার জন্য আরবিআই-এর অনুমোদন লাভ করেছে।

32. (a) ২০২২ সালের 'মিস ইন্ডিয়া ওয়ার্ল্ডওয়াইড' সম্মানে ভূষিত হলেন ব্রিটেনের বায়ো মেডিক্যাল স্টুডেন্ট খুশি প্যাটেল। নিউইয়র্কের 'ইন্ডিয়া ফেস্টিভ্যাল কমিটি' কর্তৃক প্রদত্ত এই পুরস্কারে প্রথম রানার্স-আপ হয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের ভাইদেহি ডোঙ্গরে। অ্যাচিভার্স

33. (b) সম্প্রতি সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন নীতিন গুপ্তা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঙ্গীতা সিং-এর স্থলাভিষিক্ত হলেন।

34. (c) ওয়ার্ল্ড ব্যাঙ্কের এগজিকিউটিভ ডিরেক্টর বোর্ড ভারতে স্টেট সাপোর্ট প্রোগ্রাম ফর রোড সেফটি'র জন্য ২৫০ মিলিয়ন মার্কিন ডলার আর্থিক সাহায্য করার অনুমোদন প্রদান করেছে। এই অর্থ অন্ধ্রপ্রদেশ, গুজরাট, তামিলনাড়ু, তেলেঙ্গানা, উত্তরপ্রদেশ, ওড়িশা এবং পশ্চিমবঙ্গে রাস্তার উন্নয়ন খাতে ব্যয় করা হবে।

35. (c) কর্ণাটক সরকার কাশি বিশ্বনাথ মন্দিরে যাওয়া তীর্থযাত্রীদের এককালীন নগদ ৫ হাজার টাকা প্রদান করার জন্য 'কাশি যাত্রা' নামক এক স্কিম চালু করেছে।

36. (a) সবার জীবনে জীবন বিমার গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে ২৮ জুন সারা দেশজুড়ে 'ন্যাশনাল ইন্সিয়োরেন্স অ্যাওয়ারনেস ডে' উদযাপিত হল।

37. (c) সম্প্রতি রিলায়্যান্স জিও ইনফোকম লিমিটেডের পরিচালন বোর্ডের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন আকাশ আম্বানি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মুকেশ আম্বানির স্থলাভিষিক্ত হলেন। ওই সংস্থার ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন পঙ্কজমোহন পাওয়ার। অ্যাচিভার্স

38. (b) এসবিআই, এইচডিএফসি ব্যাঙ্ক এবং আইসিআইসিআই ব্যাঙ্ক প্রত্যেকে Perfios Account Aggregation Services -এর ৯.৫৪ শতাংশ শেয়ার ৪.০৩ কোটি টাকার (প্রত্যেক সংস্থা) বিনিময়ে অধিগ্রহণ করল।

39. (b) বারিন্দর সিং ছিলেন ভারতের প্রাক্তন ফিল্ড হকি খেলোয়াড়। তিনি ১৯৭২ সালের মিউনিখ অলিম্পিক গেমসে ব্রোঞ্জ মেডেল জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন। তিনি ২০০৭ সালে ধ্যানচাঁদ লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছিলেন।

40. (b) ২০২২ সালের ২৯ জুন সারা দেশজুড়ে ন্যাশনাল স্ট্যাটিসটিক্স ডে পালিত হল যার এবছরের থিম হল 'Data for Sustainable Development'।

41. (d) সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই-এ অনুষ্ঠিত হয়ে গেল ২৮তম 'The Rim of the Pacific - 2022' (RIMPAC 2022)। সারা বিশ্বের ১৪টি দেশের যুদ্ধ জাহাজ, সাবমেরিন এতে অংশগ্রহণ করেছিল। অ্যাচিভার্স

42. (b) বিশ্ব ব্যাঙ্ক ভারতে স্বাস্থ্য ক্ষেত্রের গঠনমূলক উন্নয়নের জন্য সম্প্রতি ১ বিলিয়ন মার্কিন ডলার অর্থ ঋণ হিসাবে প্রদান করেছে। এই অর্থ প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত 'হেলথ ইনফ্রাস্ট্রাকচার মিশনে'র কাজে লাগানো হবে।

43. (a) রাষ্ট্রসংঘ সারা বিশ্বজুড়ে ৩০ জুন ইন্টারন্যাশনাল অ্যাস্টেরয়েড ডে পালন করল যেটি ২০১৭ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

44. (a) মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন মহারাষ্ট্র বিধানসভা ঔরঙ্গাবাদ শহরের নাম পরিবর্তন করে শম্ভাজিনগর রাখার আনুষ্ঠানিক অনুমোদন প্রদান করেছে।

45. (c) নীতি আয়োগ এবং ইউনাইটেড নেশনস ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম যৌথভাবে 'Take Home Ration: Good Practices-Across the States/UTs Report' শিরোনামে প্রকাশ করেছে। অ্যাচিভার্স

46. (b) উচ্চ মুদ্রাস্ফীতি ও ক্রমবর্ধমান সুদের হার বৃদ্ধি সত্ত্বেও কেন্দ্রীয় সরকার স্মল সেভিংস স্কিমগুলিতে প্রদেয় সুদের হার প্রায় অপরিবর্তিত রেখেছে। জুলাই-২০২২ থেকে সেপ্টেম্বর-২০২২ পর্যন্ত পাবলিক প্রভিডেন্ড ফান্ডে প্রদেয় সুদের হার ৭.১%। অ্যাচিভার্স

47. (b) সম্প্রতি Quacquarelli Symonds (QS) কর্তৃক প্রকাশিত 'QS Based Student Cities Ranking- 2023' অনুযায়ী প্রথম স্থানে রয়েছে ব্রিটিশ যুক্তরাজ্যের লন্ডন। এই তালিকায় ভারতের মুম্বাই শহরটি ভারতের মধ্যে প্রথম তথা সমগ্র তালিকায় ১০৩তম স্থানে রয়েছে। অ্যাচিভার্স

48. (d) ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন কোচ ও কিংবদন্তী প্রাক্তন ক্রিকেটার সম্প্রতি স্পোর্টস স্ট্যাটিসটিক্স অ্যান্ড ই-কমার্স মার্কেট প্লেস-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হয়েছেন রবি শাস্ত্রী।

49. (c) সম্প্রতি শিবসেনা দলনেতা একনাথ শিন্দে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী উদ্ধব ঠাকরের স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, মহারাষ্ট্রের ডেপুটি মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন বিজেপি দলনেতা দেবেন্দ্র ফড়নবীশ।

50. (d) ১ জুলাই সারা দেশজুড়ে পালিত হওয়া ন্যাশনাল ডক্টরস ডে'র এবছরের থিম হল— 'Family Doctor's on the Frontline'।

51. (d) সম্প্রতি লন্ডনের অল পার্টি পার্লামেন্টারি গ্রুপ অন ইন্ডিয়ান ট্র্যাডিশনাল সায়েন্সেস কর্তৃক প্রদত্ত ২০২২ সালের আয়ুর্বেদ রত্ন অ্যাওয়ার্ডে ভূষিত হলেন ভারতের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের ডিরেক্টর তনুজা নেশারি। অ্যাচিভার্স

52. (a) ১ জুলাই গেইল ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন সন্দীপ কুমার গুপ্তা। তিনি চলতি বছরের ৩১ আগস্ট এই পদে পূর্ববর্তী পদাধিকারী মনোজ জৈন-এর স্থলাভিষিক্ত হবেন।

53. (b) বিশিষ্ট লেখক রাহুল রামাগুন্ডাম ভারতের প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জর্জ ফার্নান্ডেজের জীবনী সম্বলিত গ্রন্থ 'The Life and Times of George Fernandes' রচনা করেছেন। গ্রন্থটি পেঙ্গুইন র‍্যান্ডম হাউস কর্তৃক প্রকাশিত হয়েছে।

54. (a) ১৯২৪ সালে ফ্রান্সের প্যারিসে ইন্টারন্যাশনাল স্পোর্টস প্রেস অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার দিনটি স্মরণীয় করে রাখতে ২ জুলাই সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড স্পোর্টস জার্নালিস্ট ডে উদযাপিত হয়। অ্যাচিভার্স

55. (d) সম্প্রতি মহারাষ্ট্রের মুম্বাইয়ে কৃষি ক্ষেত্রকে ই-কমার্স প্লাটফর্মে উন্নীত করার উদ্দেশ্যে আয়োজিত হল Grand Hackathon। ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স এবং নাবার্ড যৌথভাবে এই আয়োজনের দায়িত্বে ছিল।

56. (d) ২৭ জুন বেঙ্গালুরু শহরে অনুষ্ঠিত এক পুরস্কার বিতরণী সভায় ২০২২ সালের কেম্পগৌড়া ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ডে ভূষিত হলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এস এম কৃষ্ণা, ইনফোসিসের প্রতিষ্ঠাতা এন আর নারায়ণ মূর্তি এবং ভারতের প্রাক্তন ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন।

57. (a) দিল্লির নামী ড্রোন এন্টারপ্রাইজ প্লাটফর্ম কোম্পানি হল IG Drones। সম্প্রতি এই সংস্থাটি বেস্ট ড্রোন অর্গানাইজেশন হিসাবে স্টার্টআপ ক্যাটাগরিতে পুরস্কৃত হয়েছে, যে পুরস্কারটি এয়ারওয়ার্ডস কর্তৃক প্রদান করা হয়। অ্যাচিভার্স

58. (d) ১ জুলাই ইজরায়েলের ১৪তম প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন ওয়াইর লাপিড। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নাফতালি বেন্নেটের স্থলাভিষিক্ত হলেন।

59. (d) ৩ জুলাই ব্রিটিশ যুক্তরাজ্যের সিলভারস্টোন সার্কিটে অনুষ্ঠিত ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন স্পেনের ফেরারি ড্রাইভার কার্লোস সাঞ্জ জুনিয়র। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে মেক্সিকোর সার্জিও পেরেজ এবং ব্রিটেনের লুইস হ্যামিল্টন।

60. (d) ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা স্কিম সংক্রান্ত নানা তথ্য 'Ganga : ReImagining, ReJuvenating, ReConnecting' নামক বইটির মধ্যে উপস্থাপিত হয়েছে।

61. (a) প্লাস্টিক ব্যবহারের ক্ষতিকারক দিক সম্পর্কে জনমানসে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ৩ জুলাই সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল প্লাস্টিক ব্যাগ ফ্রি ডে উদযাপন করা হল।

62. (d) Edelweiss General Insurance মোটর বাইকের ইন্সিয়োরেন্স পরিষেবা দেওয়ার জন্য 'SWITCH' নামক পরিষেবা চালু করেছে।

63. (d) আভিভা লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানির এমডি এবং সিইও হিসাবে অসিত কুমার রথ পূর্ববর্তী পদাধিকারী অমিত মালিকের স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে প্রুডেন্সিয়াল মায়ানমার লাইফ ইন্সিয়োরেন্সের সিইও ছিলেন।

64. (b) টাটা স্টিল লং প্রোডাক্টস লিমিটেড সম্প্রতি নীলাচল ইস্পাত নিগম লিমিটেডের ৯৩.৭১% শেয়ার ১২,১০০ কোটি টাকার বিনিময়ে অধিগ্রহণ করেছে।

65. (a) রাজস্থান বিধানসভা সমস্ত রাজ্যবাসীকে স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা প্রদান নিশ্চিত করতে ভারতের প্রথম রাজ্য হিসাবে Right to Health Bill 2022 পাস করেছে।

66. (b) বনশ্রী শপস-এ অবস্থিত ‘ইকো ট্যুরিজম সেন্টারে’ ডিজিটাল পেমেন্ট কালেকশনের বিষয়ে পরিষেবা প্রদানের জন্য সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক কেরলের ফরেস্ট অ্যান্ড ওয়াইল্ড লাইফ ডিপার্টমেন্টের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

67. (c) অভিন্ন গোলকের ঘনতম প্যাকিং, ফুরিয়ার বিশ্লেষণে ইন্টারপোলেশন সমস্যা সমাধানের স্বীকৃতি স্বরূপ মেরিনা ভাইজোভস্কা ২০২২ সালের ফিল্ডস মেডেল-এ ভূষিত হয়েছে।

68. (d) ভারতের বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ও গান্ধীবাদী আদর্শে বিশ্বাসী পি পি গোপীনাথন ১৯৪২ সালের ভারত ছাড়ো অন্দোলনে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন। তিনি ২০১৬ সালে ‘পদ্মশ্রী’ সম্মানে ভূষিত হয়েছিলেন।

69. (c) ৬ জুলাই সারা বিশ্বজুড়ে জুনোটিক রোগের সচেতনতা গড়ে তুলতে World Zoonoses Day পালিত হল।

70. (c) ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত সরকারি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ডিফেন্স স্যালারি প্যাকেজ স্কিমের জন্য ইন্ডিয়ান এয়ারফোর্সের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। এর ফলে কর্মরত অবস্থায় মৃত্যু হওয়া কোনো এয়ারফোর্স সেনা জওয়ানের পরিবারকে জীবন বিমাসহ অন্যান্য আর্থিক সুবিধা প্রদানে স্টেট ব্যাঙ্ক পরিষেবা প্রদান করবে।

71. (a) সদ্য প্রয়াত নাইজেরিয়ার বিশিষ্ট রাজনীতিবিদ মহম্মদ এস বার্কিন্দো অর্গানাইজেশন অফ পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজ -এর ২৮তম সেক্রেটারি জেনারেল ছিলেন। তিনি ১ আগস্ট ২০১৬ থেকে ৫ জুলাই ২০২২ পর্যন্ত এই পদে নিযুক্ত ছিলেন।

72. (c) আফ্রিকায় প্রচলিত কিসাহিলি ভাষার ব্যবহার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে ইউনেস্কো ৭ জুলাই সারা বিশ্বজুড়ে 'World Kiswahili Language Day' উদযাপন করল। যার এবছরের থিম হল— 'Kiswahili For Peace and Prosperity'।

73. (b) সম্প্রতি পাঞ্জাবের মুখ্যসচিব হিসাবে বিজয় কুমার জাঞ্জুয়া পূর্ববর্তী পদাধিকারী অনিরুদ্ধ তেওয়ারির স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি পাঞ্জাব পুলিশের ডিজি হিসাবে নিযুক্ত হয়েছেন গৌরব যাদব।

74. (c) ভারতের প্রথম কর্ণাটক রাজ্য ‘রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (R&D) পলিসি’ চালু করেছে। অশোক এস সেত্তারের নেতৃত্বাধীন এক হাই লেবেল টাস্ক ফোর্স এই পলিসি চালু করার বিষয়ে পরামর্শ দিয়েছে।

75. (b) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক যথার্থ পুঁজির অভাবে মহারাষ্ট্রের পুণেতে অবস্থিত Shri Anand Co-operative Bank -এর লাইসেন্স বাতিল করল।

76. (a) ১১ জুলাই কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন আর দীনেশ। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে টিভিএস সাপ্লাই চেন সলিউশনস-এর এগজিকিউটিভ ভাইস চেয়ারম্যান হিসাবে কর্মরত ছিলেন।

77. (b) ৮ জুলাই SBI General Insurance-এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন পরিতোষ ত্রিপাঠি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি সি কান্দাপালের স্থলাভিষিক্ত হলেন।

78. (d) ৮ জুলাই আততায়ীর হাতে প্রয়াত হওয়া শিনজো অ্যাবে ২০২২ সালের নেতাজি রিসার্চ ব্যুরো অনারে ভূষিত হয়েছিলেন জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে। তিনি ২০১২-২০২০ সাল পর্যন্ত জাপানের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

79. (c) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ২০২৫ সাল নাগাদ সারা দেশে টিবি নির্মূলীকরণের উদ্দেশ্যে কেন্দ্রীয় পঞ্চায়েতিরাজ মন্ত্রকের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

80. (d) জুন ২০২২ এর পরিপ্রেক্ষিতে শ্যামাপ্রসাদ মুখার্জি রারবান মিশন ডেল্টা র‍্যাঙ্কিং-এর তালিকায় প্রথম স্থানে রয়েছে ঝাড়খণ্ড রাজ্য। এই তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে পুদুচেরি এবং অসম।

81. (c) সম্প্রতি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'কর্ণাটক ডিজিটাল ইকনমি মিশনে'র আওতায় স্টার্টআপ সংস্থাগুলিকে জামানতমুক্ত ঋণ প্রদানের জন্য কর্ণাটক সরকারের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

82. (d) সদ্য প্রয়াত জে ই ডি সান্তোস অ্যাঙ্গোলার বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ১৯৭৯ থেকে ২০১৭ সাল পর্যন্ত অ্যাঙ্গোলার দ্বিতীয় রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। অ্যাচিভার্স

83. (a) সন্মার গ্রুপের ভাইস চেয়ারম্যান নারায়ণ কুমার জাপান সরকার কর্তৃক প্রদত্ত 'অর্ডার অফ দ্য রাইজিং সান, গোল্ড অ্যান্ড সিলভার স্টার অ্যাওয়ার্ডস'-এ ভূষিত হয়েছেন। ভারত ও জাপানের মধ্যে আর্থিক সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

84. (a) ১০ জুলাই অস্ট্রিয়া স্পেলবার্গ স্টায়রিয়াতে অনুষ্ঠিত ২০২২ সালের অস্ট্রিয়া গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন মোনাকোর ফেরারি ড্রাইভার চার্লস লেকেরেক। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে নেদারল্যান্ডের ম্যাক্স ভারস্টাপেন ও ব্রিটেনের লুইস হ্যামিল্টন। অ্যাচিভার্স

85. (a) ব্রিজেন্দ্র কুমার সিঙ্গল একজন টেলিকমিউনিকেশনস এগজিকিউটিভ ছিলেন। তিনি ভারতের ইন্টারনেট ডেটা সার্ভিসের জনক হিসাবে পরিচিত। তিনি বিদেশ সঞ্চার নিগম লিমিটেডের চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

86. (a) ১১ জুলাই সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড পপুলেশন ডে পালিত হল, যেটি ১৯৯০ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

87. (d) সিটি ইউনিয়ন ব্যাঙ্ক গ্রাহকদের স্বাস্থ্য ও জীবন বিমা পরিষেবা প্রদানের জন্য টাটা এআইএ লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

**একনজরে সিটি ইউনিয়ন ব্যাঙ্ক—** অ্যাচিভার্স

✓ **প্রতিষ্ঠাকাল —** ১৯০৪ সাল।

✓ **সদর কার্যালয় —** কাম্বাকোনাম, তামিলনাড়ু।

✓ **ট্যাগলাইন —** 'Trust and Excellence Since 1904'.

88. (d) ভারতীয় নীতি আয়োগের প্রাক্তন চিফ এগজিকিউটিভ অফিসার অমিতাভ কান্ট জি-২০'র ভারতীয় শেরপা হিসাবে পূর্ববর্তী পদাধিকারী পীযূষ গয়ালের স্থলাভিষিক্ত হয়েছেন।

89. (a) ২ জুলাই ফ্রান্সের প্যারিসে প্রয়াত হওয়া পিটার স্টিফেন ব্রুক ২০২১ সালে ভারত সরকার কর্তৃক প্রদত্ত 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

90. (c) উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি কেন্দ্রীয় সরকারের তৈরি করা 'নতুন শিক্ষানীতি ২০২০' প্রাক-প্রাথমিক স্তরে চালু করেছে। ভারতের প্রথম রাজ্য হিসাবে উত্তরাখণ্ড সরকার প্রাক-প্রাথমিক স্তরে এই শিক্ষানীতি চালু করল।

91. (a) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কারুর বৈশ্য ব্যাঙ্কের আংশিক সময়ের চেয়ারম্যান হিসাবে মীনা হেমচন্দ্রকে নিযুক্ত করল। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই ব্যাঙ্কের স্বাধীন সহকারী ডিরেক্টর হিসাবে কর্মরত ছিলেন।

92. (c) নিউ ইন্ডিয়া অ্যাসুয়েরেন্স কোম্পানি লিমিটেডের সিএমডি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী অতুল সাহাই-এর স্থলাভিষিক্ত হলেন মধুলিকা ভাস্কর। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার জেনারেল ম্যানেজার ছিলেন। অ্যাচিভার্স

93. (c) বিশিষ্ট সমাজকর্মী এ কৌশল ১৯৮৬ সালে সমাজসেবামূলক কাজকর্মের জন্য পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন। তিনি উত্তরাখণ্ডের মিসৌরিতে অবস্থিত লাল বাহাদুর ন্যাশনাল অ্যাকাডেমি অফ অ্যাডমিনিস্ট্রেশন-এ দীর্ঘ সাত বছর অ্যাসোসিয়েট প্রফেসর হিসাবে কর্মরত ছিলেন।

94. (d) কেরল ভারতের প্রথম রাজ্য হিসাবে নিজস্ব ইন্টারনেট পরিষেবা উন্নত করতে পেরেছে। এই উন্নয়নের পিছনে সর্বাধিক ভূমিকা রয়েছে কেরল ফাইবার অপটিক নেটওয়ার্ক লিমিটেডের।

95. (d) এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিনিয়োগ বৃদ্ধির উদ্দেশ্যে সিঙ্গাপুর সরকার এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। এই মউ স্বাক্ষরের সময় সিঙ্গাপুরের প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন ডেপুটি প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং ব্যাঙ্কের তরফে উপস্থিত ছিলেন প্রেসিডেন্ট মাসাৎসুগু আশাকাওয়া। অ্যাচিভার্স

96. (a) ৬ জুলাই দিল্লি আইআইটির হিউম্যানিটিজ অ্যান্ড সোশাল সায়েন্স ডিপার্টমেন্ট অ্যাকাডেমিক্স অ্যান্ড রিসার্চার্স অ্যাক্সেস সেন্সাস মাইক্রোডেটাকে সাহায্য করার জন্য সেন্সাস ডেটা ওয়ার্ক স্টেশন গড়ে উঠেছে।

97. (b) মাদ্রাজ আইআইটি মানবদেহে ক্যানসার সৃষ্টিকারী জিনকে চিহ্নিত করতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স নির্ভর 'PIVOT' নামক Tool তৈরি করেছে। এই Tool টি দেহে বিদ্যমান ক্যানসার সৃষ্টিকারী জিনকে যেমন চিহ্নিত করতে পারবে তেমনি টিউমার থেকে সৃষ্ট ক্যানসার কোষ- TP53, PIK3CA, PRKCA, SOX9, PSMD4 প্রভৃতিকেও চিহ্নিত করতে পারবে।

98. (a) দক্ষিণ কোরিয়ার মোবাইল প্রস্তুতকারক সংস্থা স্যামসাং বিশ্বের প্রথম ও দ্রুততম গ্রাফিক্স DRAM (Dynamic Random Access Memory) Chip প্রস্তুত করেছে। অ্যাচিভার্স

99. (c) হিমাচল প্রদেশের রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকর সে রাজ্যের মুখ্য সচিব হিসাবে আর ডি ধীমানকে নিযুক্ত করলেন। যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাম সুভাগ সিং-এর স্থলাভিষিক্ত হলেন।

100. (b) বিশিষ্ট মালয়ালম চলচ্চিত্র নির্মাতা কে পি কুমারন ২০২১ সালের জে সি ড্যানিয়েল অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। এটি কেরল সরকার কর্তৃক চলচ্চিত্র ক্ষেত্রে প্রদত্ত সে রাজ্যের সর্বশ্রেষ্ঠ সম্মান। ৩ আগস্ট আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় তার হাতে পুরস্কার তুলে দেন পিনারাই বিজয়ন। অ্যাচিভার্স

★★★